ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।

বিআরপিডি সার্কুলার নং-০৩

তারিখঃ **মার্চ ১৩, ২০১৭**
ফাল্গুন ২৯, ১৪২৩

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী
বাংলাদেশে কার্যরত সকল তফসিলী ব্যাংক

প্রিয় মহোদয়,

গ্রাহকের হিসাবে অর্থ জালিয়াতির ঘটনায় গ্রাহককে যথাযথ ক্ষতিপূরণ প্রদান প্রসঙ্গে ।

সম্প্রতি লক্ষ্য করা যাচ্ছে যে, চেক জাল করে গ্রাহকের হিসাব থেকে অর্থ আত্মসাৎ, জালিয়াতি বা প্রতারণার ঘটনা ঘটছে। ব্যাংকের কিছু কিছু কর্মকর্তা/ কর্মচারীদের যোগসাজশে এ ধরনের ঘটনা সংঘটিত হতে পারে। তাছাড়াও চেকের পাতা বা চেক বই চুরি করে, চেক জালিয়াতি বা সিস্টেমের ত্রুটিজনিত এবং আইটি সিস্টেম এর অপব্যবহারের মাধ্যমে এ ধরনের ঘটনা সংঘটিত হতে পারে। সাধারণত অর্থ জালিয়াতির ঘটনা উদঘাটিত হওয়ার সাথে সাথে ব্যাংক কর্তৃপক্ষ কর্তৃক আদালতে মামলা দায়ের করা হয়। মামলা নিষ্পত্তির বিষয়টি সময় সাপেক্ষ বিধায় এ ক্ষেত্রে ব্যাংকের নিজস্ব তদন্তে গ্রাহকের কোনরূপ সংশ্লিষ্টতা প্রমাণিত না হলে গ্রাহকের নিকট থেকে মুচলেকা (Indemnity Bond) গ্রহণপূর্বক আত্মসাৎকৃত অর্থ গ্রাহককে প্রদান করা যুক্তিযুক্ত।

০২। এক্ষণে, এ মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়েছে যে, চেক জাল করে গ্রাহকের হিসাব থেকে অর্থ জালিয়াতি বা প্রতারণার ঘটনায় ব্যাংকের নিজস্ব তদন্তে ব্যাংকের কর্মকর্তা/কর্মচারী জড়িত রয়েছে প্রমাণিত হলে তাৎক্ষণিকভাবে গ্রাহকের এতদ্‌সংক্রান্ত দাবি পূরণ করতে হবে। ব্যাংকের কোন কর্মকর্তা/কর্মচারী বা গ্রাহক কারও সংশ্লিষ্টতা ব্যতিরেকে অন্য কোন তৃতীয় পক্ষের হস্তক্ষেপে/ত্রুটির কারণে উক্ত অর্থ জালিয়াতি/ক্ষতি হয়েছে বলে প্রমাণিত হলে সংশ্লিষ্ট ব্যাংকের পর্ষদ এর অনুমোদন ক্রমে গ্রাহককে ক্ষতিপূরণ প্রদানের ব্যবস্থা করতে হবে।

এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,

(আবু ফরাহ মোঃ নাছের)
মহাব্যবস্থাপক
ফোনঃ ৯৫৩০২৫২